মেহেরপুরের ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুরে ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর জেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) সকালে জেলা স্টেডিয়াম মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলায় যারা বিভিন্ন ইভেন্টে চ্যাম্পিয়ন হয় তারা জ্লো পর্যোয়ে খেলার যোগ্যতা অর্জন করে। জেলার মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

জেলা প্রশাসক শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন ঘোষনা করেন।

জেলা শিক্ষা অফিসার আব্বাসউদ্দিনের সভাপতিত্বে ও প্রধান শিক্ষক শ্বাশদ নিপুনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল হাসান খান, নজরুল শিক্ষা মন্জিলের প্রধান শিক্ষক সানজিদা খাতুন।

অনুষ্ঠানে জেলা শিক্ষা অফিস, উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তা ও বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আগামীকাল জেলা পর্যায়ের ফাইনাল খেলার মাধ্যমে খেলার সমাপনী অনুষ্ঠিত হবে ।

এবার হারের মুখ দেখলো মেসি-সুয়ারেজের মায়ামি

প্রাক-মৌসুম দ্বিতীয় প্রস্তুতি ম্যাচে হারের মুখ দেখেছে ইন্টার মায়ামি। প্রথম প্রস্তুতি ম্যাচ ড্র করলেও এবার হেরেই গেলো লুইস সুয়ারেজ ও লিওনেল মেসির দল। এফসি ডালাসের কাছে ১-০ গোলে হেরেছে মায়ামি।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বাংলাদেশ সময় সকালে কটন বউল স্টেডিয়ামে মাঠে নামে এফসি ডালাস ও ইন্টার মায়ামি। ম্যাচ শুরুর তিন মিনিটের মধ্যেই গোল খেয়ে বসে মায়ামি। মেক্সিকান বংশোদ্ভূত আমেরিকার পাউল অ্যারিওলার পাস থেকে গোল করে ডালাসকে লিড এনে দেন জেসুস ফেরেইরা।

এরপর গোল শোধে মরিয়া হয়ে খেলতে থাকে মায়ামি। পজিশনে অনেক এগিয়েও থাকে তারা। তবে বল জালে জড়াতে ব্যর্থ হয় মেসি-সুয়ারেজরা। এক গোলে পিছিয়ে থাকে বিরতিতে যায় মায়ামি।

বিরতি থেকে ফিরে গোল শোধে মরিয়া হয়ে খেলতে থাকে মায়ামি। তবে শত চেষ্টা করেও গোল পেতে ব্যর্থ হয় তারা। শেষ পর্যন্ত ১-০ গোলের হার নিয়ে মাঠ ছাড়তে হয় মেসি-সুয়ারেজদের।

সূত্র: ইত্তেফাক

অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের দ্বিতীয় ম্যাচে টস জিতে বোলিংয়ে বাংলাদেশ

অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে নিজেদের দ্বিতীয় ম্যাচে আয়ারল্যান্ডের বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ। সোমবার (২২ জানুয়ারি) মানগাউং ওভালে টস জিতে আয়ারল্যান্ডকে ব্যাটিংয়ে পাঠয়েছে বাংলাদেশের

যুবারা।

হার দিয়ে এবারের বিশ্বকাপ মিশন শুরু করেছে টাইগার যুবারা। নিজেদের প্রথম ম্যাচে ভারতের কাছে ৮৪ রানে হেরেছে বাংলাদেশ। সুপার সিক্সে যেতে এই ম্যাচে জয়ের বিকল্প নেই বাংলাদেশের সামনে। এই ম্যাচে জিতে জয়ের ধারায় ফিরতে চায় এশিয়া চ্যাম্পিয়নরা।

বাংলাদেশের হারের বিপরীতে জয় দিয়ে বিশ্বকাপ শুরু করেছে আয়ারল্যান্ড। আসরের প্রথম ম্যাচে যুক্তরাষ্ট্রকে ৭ উইকেটের বড় ব্যবধানে হারিয়েছে আইরিশ যুবারা। এখন পর্যন্ত বিশ্বকাপে পাঁচ বারের দেখায় শতভাগ জয় বাংলাদেশের।

বাংলাদেশ একাদশ: মাহফুজুর রহমান রাব্বি (অধিনায়ক), আহরার আমিন (সহ-অধিনায়ক), আশিকুর রহমান শিবলী, জিসান আলম, চৌধুরী মোহাম্মদ রিজওয়ান, আরিফুল ইসলাম, শিহাব জেমস, শেখ পারভেজ জীবন, রাহাতউদ্দৌল্লা বর্ষণ, ইকবাল হাসান ইমন ও মারুফ মৃধা।

সূত্র: ইত্তেফাক

কোটচাঁদপুরে ৫২ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ

কোটচাঁদপুরে শীতকালীন ক্রীড়া বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরন করা হয়েছে। রবিবার স্থানীয় পাইলট মাধ্যমিক বিদ্যালয় থেকে এ পুরস্কার দেয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকার।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী, সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের

মফিজুর রহমান। এ ছাড়া উপস্থিত ছিলেন, ৩৩ টি স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র ছাত্রীরা।

এ বছর ৪৫ টি ইভেন্টে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আর এ সব খেলায় অংশ গ্রহন করেন,উপজেলার ৩৩ টি স্কুল কলেজ ও মাদ্রাসার ছাত্র ছাত্রীরা। পরে প্রতিযোগিতায় বিজয়দের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

হোয়াইটওয়াশ এড়ালো ম্যাচে জয় পেলো পাকিস্তান

সিরিজ আগেই হাতছাড়া করেছিল পাকিস্তান। দুই ম্যাচ হাতে রেখেই পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ নিজেদের করে নিয়েছিল স্বাগতিক নিউজিল্যান্ড। সিরিজে ৪-০ তে এগিয়ে ছিল কিউইরা। আর তাই হোয়াটওয়াশ হওয়ার শঙ্কায় পড়েছিল পাকিস্তান। তবে শেষ ম্যাচে ৪২ রানের জয়ে হোয়াইটওয়াশ এড়িয়েছে তারা।

সেই জয় আবার রেকর্ড গড়ে। টি-টোয়েন্টিতে নিউজিল্যান্ডের মাটিতে আগে ব্যাটিংয়ে নেমে সবচেয়ে কম রান করে জয় পাওয়া রেকর্ড এটি। এই জয়ের পরও ৪-১ ব্যবধানে সিরিজ হারলো পাকিস্তান।

রোববার (২১ জানুয়ারি) ক্রাইস্টচার্চে পঞ্চম ও শেষ টি-টোয়েন্টিতে টস জিতে ব্যাট করতে নেমে ২০ ওভার শেষে ৮ উইকেট হারিয়ে ১৩৪ রান সংগ্রহ করে পাকিস্তান। দলের পক্ষে মোহাম্মদ রিজওয়ান ৩৮ বলে ৩৩ ও ফখর জামান করেন ১৬ বলে ৩৩ রান।

১৩৫ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরুতেই ধাক্কা খায় নিউজিল্যান্ড। দলীয় ৫৪ রানের মধ্যে চার ব্যাটারকে হারিয়ে চাপে পড়ে কিউইরা।

এরপরও ঘুরে দাঁড়াতে ব্যর্থ হয় স্বাগতিকরা। নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে শতরানের আগেই গুটিয়ে যায় কিউইরা। ১৭ ওভার ২ বলে ৯২ রানে অলআউট হয় নিউজিল্যান্ড। পাকিস্তানের পক্ষে ইফতিখার আহমেদ নেন ৩টি

উইকেট।

সূত্র: ইত্তেফাক

গাংনীতে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে বিভিন্ন খেলার সমাপনী অনুষ্ঠিত হয়।মোট ৬৭ টি ইভেন্টে উপজেলার ৪২ টি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জ্লো আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সভাপতিত্বে এবং মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আবদুল্লাহ আল মাসুমের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য ডাঃ আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।

অনুষ্ঠানের বিশেষ অতিথি উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা,সাবেক মেয়র আশরাফুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনী মোবারক, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানি।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন গাংনী সরকারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, বিপিএন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একেএম অহিদুল হক আসাদ, জোতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুরশিদা আক্তার, আড়পাড়া

মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসানুজ্জামান সহ উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ শিক্ষক ও শিক্ষার্থীরা।

চলতি মাসের ১৫ তারিখ শুরু হয়ে আজ সকল ইভেন্টের ফাইনাল খেলার মূূাধ্যমে খেলার সমাপনী অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথির বক্তব্যে নাজমুল হক সাগর বলেন, বর্তমান সরকার শিক্ষার্থীদের শারিরীক ও মানসিক দক্ষতা বৃদ্বির জন্য খেলাধুলার প্রতি বিচেষ গুরুত্ব দিয়েছে। সরকার বিভিন্ন সুযোগ সুবিধা বৃদ্বি করা হচ্ছে।

তিনি উপজেলার সকল প্রধান শিক্ষকদের নিজ নিজ প্রতিষ্ঠানের মাঠ খেলার উপযোগী করে শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি খেলাধুলায় মনোনিবেশ করার আহবান জানান। তিনি বিজয়ী এবং বিজিত সবাইকে খেলায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানান। তিনি জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত খেলোয়াড় তৈরীর আহবান জানান। এই আয়োজনের সাথে যুক্ত সবাইকে ধন্যবাদ জানান। সবশেষে প্রধান অতিথিসহ অতিথি বর্গ বিজয়ীদের মাঝে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করেন।

অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে নিজেদের প্রথম ম্যাচে আজ মাঠে নামছে বাংলাদেশ

গেলবারের মতো এবারও অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ অনুষ্ঠিত হচ্ছে দক্ষিণ আফ্রিকার মাটিতে। প্রোটিয়াদের মাটিতে ২০১৯ বিশ্বকাপে ইতিহাস লিখে বাংলার যুবারা। সেবার ফাইনালে ভারতকে ৩ উইকেটে হারিয়ে প্রথমবারের মতো বিশ্বকাপের শিরোপা জিতেছিল বাংলাদেশ। সেই সঙ্গে চলতি আসরে ভারতের বিপক্ষে ম্যাচ দিয়েই নিজেদের শিরোপা মিশন শুরু করবে বাংলাদেশের যুবারা।

আজ মানগাউং ওভালে গ্রুপ ‘এ’-এর দ্বিতীয় ম্যাচে বাংলাদেশ সময়

দুপুর ২টায় মাঠে নামবে গেল আসরের এই দুই ফাইনালিস্ট। এই আসরে বাংলাদেশ দলকে সামনে থেকে নেতৃত্ব দিবেন মাহফুজুর রহমান । এখন পর্যন্ত ২৬ ম্যাচে ভারতের যুবাদের বিপক্ষে মাঠে নামে বাংলাদেশের যুবারা। সেসব দেখায় জয়ের পাল্লা ভারী ভারতের যুবাদের। ভারতের ২০ জয়ের বিপরীতে বাংলাদেশ জয় পাঁচটি ম্যাচে।

এছাড়া বাকি একটি ম্যাচ পরিত্যক্ত হয়। এই দুই দলের সর্বশেষ দেখা হয় গেল মাসে আরব আমিরাতে অনুষ্ঠিত হয় যুব এশিয়া কাপের সেমিফাইনালে। সেই ম্যাচে ভারতকে ৪ উইকেটে হারিয়ে এশিয়া কাপের ফাইনালে টিকিট নিশ্চিত করে বাংলাদেশের যুবারা। এরপর ফাইনালে স্বাগতিক আরব আমিরাতকে ১৯৫ রানের বিশাল ব্যবধানে হারিয়ে প্রথম বারের মতো এশিয়া কাপের শিরোপা জয় করে বাংলাদেশ।

টস জিতে ফিল্ডিংয়ে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স

আজ পর্দা উঠলো বাংলাদেশ প্রিমিয়ার লিগের (বিপিএল) দশম আসরের। দিনের দ্বিতীয় ম্যাচে মাঠে নামছে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স ও সিলেট স্ট্রাইকার্স।

শুক্রবার (১৯ জানুয়ারি) মিরপুর শেরে বাংলা ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয় চট্টগ্রাম চ্যালেঞ্জার্স।

এর আগে দিনের প্রথম ম্যাচে শরিফুলের দূর্দান্ত হ্যাটট্রিকে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন কুমিল্লা ভিক্টোরিয়ানসকে ৭ উইকেটে পরাজিত করেছে দুর্দান্ত ঢাকা। টস হেরে ব্যাটিংয়ে নেমে ইমরুল কায়েসের ৬৬ রানে ভর করে ১৪৩ রান সংগ্রহ করে কুমিল্লা। ১৪৩ রানের টার্গেটে ব্যাট করতে নেমে নাঈম শেখের ৫২ রানে ভর করে ৩ বল ও ৫ উইকেট হাতে রেখে জয় তুলে নেয় দুর্দান্ত ঢাকা।

সিলেট একাদশ:

নাজমুল হোসেন শান্ত, ইয়াসির আলি, হ্যারি টেক্টর, মোহাম্মদ

মিঠুন, বেন কাটিং, জাকির হাসান, মাশরাফী বিন মোর্ত্তজা, বেনি হাওয়েল, তানজিদ হাসান সাকিব, নাজমুল ইসলাম ও রিচার্ড এনগারাভা।

চট্টগ্রাম একাদশ:

আভিস্কা ফার্নান্দো, তামজিদ হাসান তামিম, শাহাদাত হোসেন, নাজিবউল্লাহ জাদরান, ইমরান উজ্জামান, শুভাগত হোম, কার্টিস ক্যাম্ফার, নিহাদুজ্জামান, শহিদুল ইসলাম, আল আমিন ও বিলাল খান।

সূত্র: ইত্তেফাক

ডিসেম্বর মাসসেরা প্যাট কামিন্স

ডিসেম্বর মাসসেরা দৌড়ে বাংলাদেশ দলের স্পিনার তাইজুল ইসলাম এবং নিউজিল্যান্ড দলের অলরাউন্ডার গ্লেন ফিলিপসকে পেছনে ফেলে মাসসেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন অস্ট্রেলিয়ার বিশ্বকাপ জয়ী অধিনায়ক প্যাট কামিন্স। সেই সঙ্গে ক্যারিয়ারে প্রথম বারের মতো মাসসেরা ক্রিকেটার নির্বাচিত হন এই অজি অধিনায়ক।

গেল মাসে প্যাট কামিন্সের নেতৃত্বে ঘরের মাটিতে পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচ টেস্ট সিরিজে সবগুলো ম্যাচ জিতেছে অস্ট্রেলিয়া। সেই সিরিজে বল হাতে উজ্জ্বল ছিল এই অজি অধিনায়ক। সফরকারী পাকিস্তানের বিপক্ষে টেস্ট সিরিজের প্রথম দুই ম্যাচে ১৩ উইকেট শিকার করেন তিনি। প্রথম ম্যাচে ৩ উইকেট এবং দ্বিতীয় ম্যাচে দুই ইনিংসে শিকার করেন ১০ উইকেট। দ্বিতীয় ম্যাচের প্রথম ইনিংসে ৪৮ রান দিয়ে পাঁচ উইকেট তুলে নেন এবং দ্বিতীয় ইনিংসে ৪৯ রান দিয়ে তুলে নেন ৫ উইকেট।

এছাড়াও সেই সিরিজের মধ্য দিয়ে টেস্ট ক্যারিয়ারে ২৫০ উইকেটের মাইলফলক স্পর্শ করেন অজি বিশ্বকাপ জয়ী অধিনায়ক। ডিসেম্বর মাসসেরা খেলোয়াড় নির্বাচিত হয়ে অস্ট্রেলিয়ার এই অধিনায়ক বলেন, ‘সব সংস্করণে এ বছরটা আমাদের দারুণ কেটেছে। পাকিস্তানের মতো বড় দলের

সঙ্গে সিরিজ জিতে শেষটাও ভালো হয়েছে। সব মিলিয়ে এখন পর্যন্ত এই গ্রীষ্মের পারফরম্যান্সে আমরা সন্তুষ্ট। আসন্ন ওয়েস্ট ইন্ডিজ ও নিউজিল্যান্ড সিরিজের ভালো কিছু করার জন্য অপেক্ষায় আছি।’

সূত্র: ইত্তেফাক

ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে বেনজেমার মামলা

ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রী জেরাল্ড দারমানিনের বিরুদ্ধে মানহানির মামলা করেছেন দেশটির জাতীয় দলের সাবেক ফুটবলার করিম বেনজেমা। গত বছরের অক্টোবরে ফিলিস্তিনিদের ওপর ইসরায়েলের হামলার নিন্দা করেছিলেন বেনজেমা। আর তাই ব্যালন ডি’অর জয়ী এই ফুটবলারের সঙ্গে মুসলিম ব্রাদারহুডের সম্পৃক্ততার অভিযোগ এনেছিলেন দারমানিন।

ফরাসি বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, বেনজেমার আইনজীবী হিউজ ভিগিয়ের মঙ্গলবার দেশটির বিশেষ আদালত কোর্ট ডি জাস্টিসে মামলা করেছেন। এই আদালতে ফ্রান্সের মন্ত্রীদের মামলার বিচার কার্যক্রম সম্পন্ন করা হয়।

গত ৭ অক্টোবর ফিলিস্তিনের স্বাধীনতাকামী সশস্ত্র গোষ্ঠী হামাস ইসরায়েলে হামলা চালানো পর পাল্টা আক্রমণে গাজায় নির্বিচার বোমাবর্ষণ শুরু করে ইসরায়েল। এ নিয়ে প্রতিবাদ করে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে বেনজেমা লিখেছিলেন, ‘আমাদের সমস্ত প্রার্থনা গাজার বাসিন্দাদের জন্য, যারা আবারও এই অন্যায় বোমা হামলার শিকার হচ্ছে, যেখানে কোনো নারী বা শিশুও রেহাই পাচ্ছে না।’

বেনজেমার এমন মন্তব্যে ক্ষোভ প্রকাশ করে দারমানিন সিনিউজ চ্যানেলে ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘তার (বেনজেমা) সঙ্গে ‘মুসলিম ব্রাদারহুডের কুখ্যাত সম্পৃক্ততা আছে।’ এছাড়াও বেনজেমার বিরুদ্ধে ফ্রান্স জাতীয় দলের খেলায় জাতীয় সংগীত না

গাওয়া এবং সামাজিক যোগাযোগমাধ্যমে ধর্মান্তরকরণ প্রচেষ্টার অভিযোগও এনেছিলেন দারমানিন।

ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রীর অভিযোগের পরপরই আইনজীবীর মাধ্যমে প্রতিবাদ জানিয়েছিলেন বেনজেমা। এবার আইনি পথে হাঁটলেন এই ফুটবলার। মামলায় বেনজেমা বলেছেন, ‘মুসলিম ব্রাদারহুডের সঙ্গে নূন্যতম সম্পৃক্ততাও কখনো ছিল না, এমনকি সংগঠনটির সদস্য দাবিদার কারও সম্পর্কে কোনো ধারণাও নেই।’

বেনজেমা মামলায় আরও লিখেছেন, ‘আমি জানি যে দুর্নামের কারণে আমাকে কতটা রাজনৈতিক খেলায় ব্যবহার করা হচ্ছে। ব্যাপারটা আরও বেশি কলঙ্কজনক এ কারণে যে ৭ অক্টোবর থেকে ঘটা নাটকীয় ঘটনাগুলো এ ধরনের বিবৃতি থেকে আলাদা কিছু দাবি করে।’

সূত্র: ইত্তেফাক